



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



বিবিধ/২২৭০

তারিখ : ০৬.০৬.২০২০

জরুরী বিজ্ঞপ্তি

বিষয়: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ স্থাপনা/জমি সংক্রান্ত তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন যে সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ এর কার্যক্রম নিজস্ব স্থাপনা/জমিতে পরিচালিত হচ্ছে তাদের জমির দলিলের সত্যায়িত ফটোকপি, হালনাগাদ খাজনার রশিদ, পর্চা, নামজারিপত্র এবং যে সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ এর কার্যক্রম নিজস্ব জমিতে পরিচালিত হচ্ছে না অর্থাৎ ভাড়া বাড়িতে পরিচালিত হচ্ছে তাদের ভাড়ার চুক্তিপত্র আগামী ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে প্রতিষ্ঠানের প্যাডে আবেদনসহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, উক্ত সময়ের মধ্যে যে সকল প্রতিষ্ঠান তথ্য প্রেরণ করতে ব্যর্থ হবে তাদের পাঠদান বন্ধসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০৬.০৬.২০২০

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ঢাকা

দৃষ্টি আকর্ষণ:

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ।